

২০২০

ঢাকা ওয়াসা

সংযুক্তি-১। ২০২৪-২০২৫ অর্থ বছরের অত্র জোনের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।

সংযুক্তি-২। অনুমোদিত দরের কপি।

সংযুক্তি-৩। ক্যালকুলেশন শীট।

সংযুক্তি-৪। প্রস্তাবিত প্রাক্কলন।

সংযুক্তি-৫। আলোচ্য কাজের প্রতিবেদন।

বিষয়ঃ “Identification & Raising of different diameter sluice valve chamber, DMA Chamber at Nururchala, Boatghat, Purbachol etc. area at DMA-804 under MODS Zone-8 of Dhaka WASA.” কাজ প্রসঙ্গে।

১। ক্রমিক নং- ০১ হতে ০৫ পর্যন্ত অনুগ্রহ করে দেখা যেতে পারে। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৮ এর আওতাধীন ডিএমএ-৮০৪ এর খিলবাড়ীরটেক, নুরেরচালা, উত্তর বাজা, পদরদিয়া পূর্বাচল, স্বাধীনতা সরনী, উত্তর বাজা হাজিপাড়া, ময়নারবাগ, আব্দুল্লাহবাগ, রসুলবাগ, বোটঘাট ইত্যাদি এলাকায় পানি সরবরাহ ব্যবস্থায় কন্ট্রোল করার জন্য স্থাপনকৃত পাইপ লাইনের উপরে বিভিন্ন রাস্তা/গলিতে বিভিন্ন সাইজের স্লুইচ ভাল্ভ, ওয়াশ আউট পয়েন্ট, ভাল্ভ মিটার সহ চেম্বার স্থাপন করা হয়েছে। উল্লিখিত ডিএমএ সমূহ চালু অবস্থায় আছে কিন্তু ঢাকা উত্তর সিটি কর্পোরেশন বিভিন্ন সময়ে তার নিজস্ব স্টর্ম ওয়াটার ড্রেনেজ সিস্টেম এবং রাস্তার উন্নয়ন কাজ করায় অধিকাংশ স্লুইচ ভাল্ভ রাস্তার নিচে চাপা পড়েছে। বিভিন্ন সময়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক কয়েক দফায় রাস্তা ও ড্রেনেজ সিস্টেম এর উন্নয়ন কাজ করায় অনেক স্লুইচ ভাল্ভ চেম্বার প্রায় ৩ ফুট রাস্তার নিচে চাপা পড়েছে। তাই ক্ষতিগ্রস্ত স্লুইচ ভাল্ভ চেম্বার সমূহ রাস্তার ম্যাকাডাম অংশ হতে বের করে রাস্তার লেভেলে উঠু করা প্রয়োজন। অন্যথায় ভবিষ্যতে স্লুইচ ভাল্ভ চিহ্নিত করে নতুন রাস্তা কেটে বের করা কঠিন হবে এবং রাস্তা কাটার ক্ষেত্রে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন আপত্তি জানাতে পারে। ইতিমধ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন হতে পত্র মারফত জানানো হয়েছে যে, তাদের রাস্তা ও ড্রেনের উন্নয়ন কাজ চলমান আছে এবং উন্নয়ন কাজ শেষে আগামী ০৫ (পাঁচ) বছর তাঁরা কোন রাস্তা খননের অনুমতি প্রদান করবে না। কাজেই জরুরি ভিত্তিতে উল্লিখিত ডিএমএ-৮০৪ এর বিভিন্ন জায়গায় বিভিন্ন সাইজের স্লুইচ ভাল্ভ চেম্বার উঠু করা প্রয়োজন।

২। উপরোল্লিখিত কাজটি সম্পাদন করার লক্ষ্যে ঢাকা ওয়াসার পূর্ব অনুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রঃ নং-২ দ্রঃ)। যাতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৪,৯৬,১৯৮.৫২২ (চার লক্ষ ছিয়ানব্বই হাজার একশত আটানব্বই দশমিক পাঁচ দুই দুই টাকা মাত্র) টাকা মাত্র (ক্রঃ নং- ০৪ দ্রঃ)। আলোচ্য কাজটি চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার প্যাকেজ নং-2.59.1(W-59.1) এ অন্তর্ভুক্ত আছে (ক্রঃ নং-০১ দ্রঃ)। উক্ত ক্রয় বাস্তবায়নে Procuring Entity হিসেবে Executive Engineer, MODS Zone-8, Dhaka WASA কে রাখা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহ্বান, চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, MODS Zone-8, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে। আলোচ্য কাজের অনুমোদন প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

৩। এমতাবস্থায়, "Identification & Raising of different diameter sluice valve chamber, DMA Chamber at Nururchala, Boatghat, Purbachol etc. area at DMA-804 under MODS Zone-8 of Dhaka WASA." শীর্ষক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটির জন্য নিম্নলিখিত প্রস্তাব সমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উপস্থাপিত সর্বমোট ৪,৯৬,১৯৮.৫২২ (চার লক্ষ ছিয়ানব্বই হাজার একশত আটানব্বই দশমিক পাঁচ দুই দুই টাকা মাত্র) টাকা মাত্র প্রাক্কলনের অনুমোদন।

খ) বর্ণিত কাজটি PPR-২০০৮ এর ৬৩ বিধির ১(খ) উপ-বিধি মোতাবেক CPTU প্রণীত STD PW2(b) অনুসরণ করে Limited Tendering Method (LTM) এ e-GP প্রক্রিয়ায় দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের অনুমোদন।

[Signature]
13.05.25

শেখ আহমেদ সাঈদ সাব্বি আল
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা।

[Signature]

[Signature]

13.05.25

মোঃ গোলাম মোস্তফা বন্দুকার
উপ-বিভাগীয় প্রকৌশলী
মডস জোন-৮, ঢাকা ওয়াসা।

[Signature]

[Signature]

অনুপম কুমার মন্ডল
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা।

[Signature]
SE, MODS Under 2

[Signature]
26/05/25

প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

১৬/জুন
১৬/০৬/২৫

[Signature]

14/05

মোঃ আব্দুস সাত্তার

পরিচালক
ঢাকা ওয়াসা